দৈনিক ইত্তেফাক

তারিখ 23 MAR 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

53

## সমস্যা জর্জরিত মহিলা মেডিক্যাল কলেজ

ঢাকার উত্তরায় অবস্থিত বাংলাদেশের একমাত্র বেসরকারী মহিলা মেডিক্যাল কলেজটি নানাবিধ সমস্যায় জর্জরিত। মেডিক্যাল কলেজের প্রধান অঙ্গ বা শর্ত হইল হাসপাতাল। এই বেসরকারী মহিলা মেডিক্যাল কলেজের কোন হাসপাতাল না থাকায় ৩য় বর্ষের ছাত্রীরা ওয়ার্ড ডিউটি দিতে না পারায় ছাত্রীরাসহ তাহাদের অভিভাবকবৃন্দ দুশ্চিন্তায় আছে। তাহাছাড়া প্র্যাকটিক্যাল সরঞ্জামাদি ও দক্ষ টেকনিশিয়ানদের অভাবে ছাত্রীরা হিমশিম খাইতেছে। লাইব্রেরীতে বই-এর সংখ্যা নিতান্তই অপ্রতুল। ছাত্রীদের জন্য কমনরুম এবং কোন ক্যান্টিনের ব্যবস্থা নাই। ক্লাস রুমের সংখ্যাও খুবই কম। বায়োক্যামিষ্ট্র বিষয়ের শিক্ষকের অভাব রহিয়াছে। আমরা অভিভাবকবৃন্দ বিপুল অংকের টাকা জমা দিয়া মেয়েদের উক্ত মেডিক্যাল কলেজে ভর্তি করাই। ভর্তির সময় এই সমস্যাগুলি দ্রুত সমাধানের আশ্বাস প্রদান করা হইলেও বিগত তিন বৎসরেও সমাধান হয় নাই। বিষয়টির প্রতি কলেজ কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—আবদুল হামিদ, ৩১৭, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।